মিশিগান স্টেটের ভোটার নিবন্ধনের আবেদনপত্র

এবং মিশিগান ড্রাইভার লাইসেন্স/স্টেটের পরিচয় পত্রের ঠিকানা পরিবর্তনের ফরমের নির্দেশনা

যোগ্যতা

মিশিগানে ভোট দিতে নিবন্ধিত হতে, আপনাকে অবশ্যই:

- (নিবন্ধনের সময়) মিশিগানের বাসিন্দা এবং (ভোট দেওয়ার সময়) কমপক্ষে ৩০ দিনের জন্য আপনার শহর বা টাউনশিপের বাসিন্দা হতে হবে।
- যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে।
- কমপক্ষে ১৭.৫ বছর বয়সী (ভোট দেওয়ার সময় ১৮) হতে হবে।
- বর্তমানে জেল বা কারাগারে সাজা ভোগ করছেন না এমন হতে হবে।

বসবাসের ও চিঠি প্রেরণের ঠিকানা

আপনি শুধুমাত্র একটি জায়গায় ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারেন। আপনার যদি একাধিক বাসস্থান থাকে, তাহলে আপনি বর্তমানে যেখানে অবস্থান করছেন বা আপনি যে জায়গায় ফিরে আসতে চান সেখানে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারেন। উদাহরণস্বরূপ, কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীরা তাদের বাড়ির শহরে বা তাদের ক্যাম্পাসের ঠিকানায় নিবন্ধন করতে পারে, এবং নার্সিং হোমের অস্থায়ী আবাসিক পেশেন্ট বাসিন্দারা তাদের বাড়ির ঠিকানায় বা চিকিৎসা ফ্যাসিলিটিতে নিবন্ধন করতে পারেন। আপনার যদি কোনো বসবাসের ঠিকানা না থাকে, তাহলে অনুগ্রহ করে আপনার অবস্থান বর্ণনা করে ঠিকানার আশপাশের মোড় বা একটি ল্যান্ডমার্ক প্রদান করুন।

আপনি যদি আপনার আবাসিক ঠিকানা (যেমন PO বক্স) ব্যতীত অন্য কোনো ঠিকানায় আপনার ভোটার নিবন্ধন বা ড্রাইভারের লাইসেন্স / স্টেটের পরিচয় পত্র সম্পর্কিত চিঠি পেতে চান তাহলে আপনি ফর্মে নির্দেশিত স্থানে একটি মেইলিং ঠিকানা প্রদান করতে পারেন। আপনি যদি চিঠি পাঠানোর ঠিকানা প্রদান করেন, তাহলে এটি আপনার ভোটার তথ্য কার্ড বা ড্রাইভারের লাইসেন্স / স্টেট আইডিতে প্রদর্শিত হবে না।

অপরাধমূলক দণ্ড এবং ভোট দেওয়ার জন্য নিবন্ধন

আপনার যদি অতীতে অপরাধমূলক দণ্ড থাকে এবং আপনি বর্তমানে জেল বা কারাগারে না থাকেন, তাহলে আপনি নিবন্ধন করতে এবং ভোট দিতে পারবেন। আপনি যদি কারাগারে থাকেন এবং বিচার বা শাস্তির অপেক্ষায় থাকেন তাহলে আপনি নিবন্ধন করতে এবং ভোট দিতে পারবেন। আপনি যদি বর্তমানে জেল বা কারাগারে সাজা ভোগ করেন তাহলে আপনি নিবন্ধন বা ভোট দিতে পারবেন না।

আপনার শহর বা টাউনশিপ ক্লার্কের কাছে প্রদান করুন

পূরণকৃত আবেদনটি আপনার শহর বা টাউনশিপ ক্লার্কের কাছে ডাকে পাঠান অথবা সরাসরি প্রদান করুন। আপনার শহর বা টাউনশিপ ক্লার্কের ঠিকানা Michigan.gov/Vote-এ খুঁজুন।

ডাকযোগে নিবন্ধন - প্রথমবারের ভোটারদের ক্ষেত্রে বিশেষ প্রয়োজনীয়তা

আপনি কি প্রথমবারের মতো মিশিগানে ভোট দিতে নিবন্ধন করছেন?

যদি আপনি মিশিগানে কখনো ভোট না দিয়ে থাকেন এবং এই ফর্মটি ডাকযোগে অথবা ভোটার নিবন্ধন ড্রাইভের মাধ্যমে জমা দিতে চান, তাহলে আপনাকে অবশ্যই ফেডারেল সনাক্তকরণের প্রয়োজনীয়তা পূরণ করতে হবে, যেমনটি নিচে ব্যাখ্যা করা হয়েছে।

ফেডারেলের আবশ্যকীয়তা – পরিচয় প্রদান করুন

সনাক্তকরণের প্রয়োজনীয়তা মেনে চলতে, অবশ্যই:

(1) এই ফর্মে যেখানে অনুরোধ করা হয়েছে সেখানে মিশিগানে-ইস্যুকৃত আপনার ড্রাইভারের লাইসেন্স নম্বর অথবা মিশিগানে-ইস্যুকৃত স্টেট আইডি কার্ড নম্বর লিখুন।

অথবা

(2) যদি আপনার মিশিগানে-ইস্যুকৃত ড্রাইভার লাইসেন্স অথবা মিশিগানে-ইস্যুকৃত স্টেট আইডি না থাকে, তাহলে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি ডিজিট লিখুন:

অথবা

(3) আপনার কাউন্টি, শহর বা টাউনশিপ ক্লার্কের কাছে এই ফরম পাঠানোর সময় সনাক্তকরণের নিম্নলিখিত ধরনের যেকোনো একটি প্রেরণ করুন: বর্তমান ও বৈধ ছবিসহ পরিচয়পত্রের কপি (যেমন ড্রাইভারের লাইসেন্স বা যেকোনো স্টেটের আইডি কার্ড) অথবা পে চেক স্টাব, ইউটিলিটি বিল, ব্যাংক স্টেটমেন্ট, বা কোনো সরকারী কাগজপত্রের এক কপি যাতে আপনার নাম ও ঠিকানা তালিকাভুক্ত আছে।

*****চিঠির মাধ্যমে আইডির মূল কাগজপত্র পাঠাবেন না*****

যদি এই আবশ্যকীয়তা আপনার জন্য প্রযোজ্য হয় এবং আপনি উপরে চিহ্নিত তথ্য সরবরাহ না করে থাকেন তাহলে আপনি যে প্রথম নির্বাচনে অংশ নিতে চান সেখানে ভোট দেওয়ার আগে আপনাকে অবশ্যই একটি গ্রহণযোগ্য ধরনের সনাক্তকরণ সরবরাহ করতে হবে।

দ্রষ্টব্য: সনাক্তকরণের আবশ্যকীয়তা প্রযোজ্য নয় যদি আপনি: (১) এই ফর্মটি ডাকযোগে অথবা ভোটার নিবন্ধন ড্রাইভ গ্রুর মাধ্যমে পাঠানোর পরিবর্তে স্বশরীরে আপনার কাউন্টি, শহর বা টাউনশিপ ক্লার্কের অফিসে প্রদান করেন, (২) অক্ষম হন, অথবা (৩) ফেডারেল ইউনিফর্মড এবং প্রবাসী নাগরিক অনুপস্থিত ভোটদান আইনের অধীনে ভোট দেওয়ার যোগ্য হন।

কোনো প্রশ্ন আছে?

আপনার যদি কোনো প্রশ্ন থাকে তবে আপনার শহর বা টাউনশিপ ক্লার্কের সাথে যোগাযোগ করুন।

আপনার সিটি বা টাউনশিপ ক্লার্ক আপনার আবেদন গ্রহণ না করা পর্যন্ত এটি বৈধ নয়। যদি আপনার আবেদন গৃহীত হয়, তাহলে আপনার ক্লার্ক ৩ সপ্তাহের মধ্যে আপনাকে একটি ভোটার তথ্য কার্ড মেইল করবে।
আপনি Michigan.gov/Vote ঠিকানায় গিয়ে আপনার ভোটার নিবন্ধনের স্ট্যাটাস যাচাই করতে পারেন।

ED-121 (7-2022)

আপনার নিবন্ধনের স্ট্যাটাস ট্র্যাক করতে, আপনার সিটি/টাউনশিপ ক্লার্ককে খুঁজতে, আপনার ভোটদান কেন্দ্র দেখতে, এবং অন্যান্য বিষয় জানতে MI.gov/Vote ঠিকানায় যান।

নির্দেশনা

আপনার মিশিগান ড্রাইভার লাইসেন্স বা স্টেট আইডি থাকলে আপনি ভোট দেওয়ার জন্য অনলাইনে নিবন্ধন করতে পারেন। **MI.gov/Vote**ঠিকানায় প্রক্রিয়াটি শুরু করুন।

ভোট দিতে নিবন্ধিত হতে অথবা আপনার নিবন্ধনের তথ্য হালনাগাদ করতে এই ফরমটি পূরণ করুন ১।

1. অনুগ্রহ করে কালো বা নীল কালির কলম ব্যবহার করে সকল তথ্য স্পষ্টাক্ষরে লিখুন।
2. ফরমে স্বাক্ষর করুন।
3. আপনার শহর/টাউনশিপ ক্লার্কের কাছে ফর্মটি প্রেরণ করুন বা জমা দিন।

আপনার শহর/টাউনশিপ ক্লার্ক এবং আরো তথ্য সম্পর্কে জানুন এই ঠিকানায় **MI.gov/Vote**। প্রদত্ত ফোন নম্বর/

ইমেইলটি নির্বাচনী দাপ্তরিক কাজেব্যবহৃত হবে।

¹নাম ও লিঙ্গ নির্ধারণ সংক্রান্ত পরিবর্তন অবশ্যই সেক্রেটারি অব স্টেট কার্যালয়ে গিয়ে সম্পন্ন করতে হবে।

ভোটার নিবন্ধনের সময়সীমা হলো নির্বাচনের আগের ১৫ দিন যদি আপনি এই ফরম একটি ভোটার নিবন্ধন ড্রাইভের মাধ্যমে জমা দিয়ে থাকেন অথবা এটি একজন কাউন্টি ক্লার্ক বা সেক্রেটারি অব স্টেটের কার্যালয়ে প্রেরণ করে থাকেন। যদি আপনি ফরমটি ডাকযোগে পাঠান, তাহলে এটিতে অবশ্যই নির্বাচনের কমপক্ষে ১৫ দিন আগের ডাক সিল থাকতে হবে।

আপনি বসবাসের স্থান যাচাইকরণসহ আপনার শহর বা টাউনশিপ ক্লার্ক অফিসে গিয়ে নির্বাচনের দিনের আগ পর্যন্ত যেকোনো সময় নিবন্ধন করতে পারেন।

যদি আপনার মিশিগান ড্রাইভারের লাইসেন্স (DL) বা স্টেট আইডি (ID) থাকে, তাহলে আপনাকে ভোটার নিবন্ধন এবং DL/ID-এর জন্য অবশ্যই একই ঠিকানা ব্যবহার করতে হবে।

এই ফরম আপনার DL/ID ঠিকানাও পরিবর্তন করবে। আপনার DL/ID তে লাগানোর জন্য আপনার নতুন ঠিকানাসহ আপনাকে একটি স্টিকার পাঠানো হবে।

যদি আপনি কখনোই মিশিগানে স্বশরীরে উপস্থিত হয়ে ভোট না দিয়ে থাকেন এবং এই ফরম ডাকযোগে বা একটি ভোটার নিবন্ধন ড্রাইভের মাধ্যমে পাঠাতে চান, তাহলে পৃষ্ঠা ১ এর নির্দেশনাবলী আবার পড়ুন। আপনার অতিরিক্ত আইডি পাঠানোর প্রয়োজন হতে পারে।

পৃষ্ঠা ১-এ আরো তথ্য পাওয়া যাবে।

মিশিগান স্টেট ভোটার নিবন্ধনের আবেদন

এবং মিশিগান ড্রাইভার লাইসেন্স/স্টেট আইডির ঠিকানা পরিবর্তন ফরম

যোগ্যতা

☐ হ্যাঁ ☐ না আমি আমেরিকান যুক্তরাষ্ট্রের একজন নাগরিক।

☐ হ্যাঁ ☐ না আমার বয়স কমপক্ষে ১৭.৫ বছর এবং আমি আমার বয়স ১৮ বছর হওয়ার পরই ভোট দিব।

! **আপনি U.S-এর নাগরিক না হলে, এই ফরম পূরণ করবেন না।**

মিশিগানের-ইস্যুকৃত ড্রাইভারের লাইসেন্স / মিশিগানের-ইস্যুকৃত স্টেট আইডি নম্বর

☐-☐☐☐-☐☐☐-☐☐☐-☐☐☐

যদি আপনার মিশিগানের-ইস্যুকৃত ড্রাইভার লাইসেন্স অথবা মিশিগানের -ইস্যুকৃত স্টেট আইডি না থাকে, তাহলে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি ডিজিট লিখুন:

XXX – XX – ☐☐☐☐

☐ আমার কোনো বৈধ মিশিগানের-ইস্যুকৃত ড্রাইভার লাইসেন্স অথবা মিশিগানের-ইস্যুকৃত স্টেট আইডি, অথবা কোনো সোশ্যাল সিকিউরিটি নম্বর নেই।

ব্যক্তিগত তথ্য *আবশ্যক তথ্য

নামের শেষাংশ* প্রথমাংশ* মধ্যম অংশ

☐☐-☐☐-☐☐☐☐ ☐ নারী (f) ☐ পুরুষ (m) ☐ ননবাইনারি (x)

জন্ম তারিখ* (MM-DD-YYYY)

আপনি যেখানে থাকেন তার ঠিকানা – বাড়ি নম্বর ও সড়কের নাম* অ্যাপার্টম্যান্ট/লট নং

MI

শহর* জিপ কোড

( )

ফোন ইমেইল

চিঠি পাঠানোর ঠিকানা (আপনার বসবাসের থেকে ভিন্ন হলে) শহর রাষ্ট্র জিপ কোড

অনুপস্থিত ভোটার আবেদন তালিকায় যুক্ত হতে সম্পন্ন করুন: ☐ আমি ভবিষ্যতের সকল নির্বাচনে অনুপস্থিত থেকে ভোট দিতে চাই। প্রতিটি নির্বাচনের জন্য আমাকে স্বয়ংক্রিয়ভাবে একটি আবেদনপত্র পাঠান।

স্বাক্ষর

আমি প্রত্যয়ন করছি যে:

- আমি একজন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক।
- আমি মিশিগানের বাসিন্দা এবং আমি কমপক্ষে ৩০ দিন ধরে আমার শহর বা টাউনশিপে থাকার পরেই ভোট দেব।
- আমার বয়স কমপক্ষে ১৭.৫ বছর এবং আমি আমার বয়স ১৮ বছর হওয়ার পরই ভোট দিব।
- আমি পূর্ববর্তী যেকোনো নিবন্ধন বাতিল করার অনুমতি দিচ্ছি।

মিথ্যা সাক্ষ্য প্রমাণের অধীনে আমি যে তথ্য দিয়েছি তা আমার জানামতে সত্য। যদি আমি কোনো মিথ্যা তথ্য প্রদান করে থাকি, তাহলে ফেডারেল বা স্টেট আইনের অধীনে আমাকে জরিমানা বা কারাদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত করা হতে পারে।

X

স্বাক্ষর তারিখ